



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৪/শরীয়ত/৬৫৪২

তারিখ: ২৮/১০/২৪

বিষয়: বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মেজবাহ উদ্দিন মাদবর-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

- সূত্র: (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ২২/০৪/২০২৪ তারিখের আবেদন।
 (২) বোর্ডের ২০/০৩/২০২৪ তারিখের তদন্ত প্রতিবেদন।
 (৩) বোর্ডের ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।
 (৪) ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ১৭/১০/২০২৪ তারিখের ২৩২ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মেজবাহ উদ্দিন মাদবর-এর চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- “১। ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দকে হুমকিস্বরূপ কথা বলেছেন; ২। ২৯/০৩/২০২২ইং তারিখে যোগদান করার পর বার বার কমিটির মাধ্যমে অনুরোধ করা হলেও এ পর্যন্ত MPO করার জন্য আবেদন করেননি; ৩। কমিটির অনুমতি না নিয়ে তিনি পূর্বের প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা করেছেন; ৩। বিভিন্ন জাতীয় দিবসে অনুপস্থিত ছিলেন; ৪। দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের সাথে কু-রুচিপূর্ণ আচরণ এবং অশালীন ভাষায় কথা বলা; ৫। কমিটির অনুমতি না নিয়ে বিদ্যালয়ের গুরুত্বপূর্ণ কাগজপত্র বস্তা ভরে (বিকল্প পথে) নিয়ে যাওয়ার সময় হাতে নাতে ধরা পড়েন।”

এমতাবস্থায়, বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ১৮/০৯/২০২৪ তারিখের সভায় তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং অভিযোগসমূহ পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণপূর্বক ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাঁকে চাকুরি হতে অব্যাহতি দেওয়ার জন্য সুপারিশ করা হয় এবং ১৭/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩২ তম বোর্ড সভায় বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মেজবাহ উদ্দিন মাদবর-এর চূড়ান্ত বরখাস্তকরণের বিষয়টি অনুমোদন লাভ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রাপক: সভাপতি, ম্যানেজিং কমিটি
 মীর আব্দুল মজিদ উচ্চ বিদ্যালয়
 মডের হাট, ডামুড্যা
 শরীয়তপুর।

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী
 সচিব
 মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
 ফোন: ০২-৯৬৬৯৮১৩

মেমো নং- ৬৫৪২ (২০)

তারিখ: ২৮/১০/২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, শরীয়তপুর।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), মীর আব্দুল মজিদ উচ্চ বিদ্যালয়, মডের হাট, ডামুড্যা, শরীয়তপুর।
- ৮। জনাব মেজবাহ উদ্দিন মাদবর, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), মীর আব্দুল মজিদ উচ্চ বিদ্যালয়, মডের হাট, ডামুড্যা, শরীয়তপুর।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

সচিব ২৮/১০/২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
 ঢাকা।

২৭/১০/২৪